Times Today BD

আল কারিয়া চৌধুরী | রাজশাহী | 13 May, 2025

বৈষম্যবিরোধী আন্দোলনে শিক্ষার্থী হত্যা ও বিস্ফোরক মামলায় জয়পুরহাটের ক্ষেতলাল উপজেলার মামুদপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মশিউর রহমান শামীম এবং নিষিদ্ধ আওয়ামী লীগ নেতা নুরুন্নবী চৌধুরী রতনকে জামিন না মঞ্জুর করে কারাগারে পাঠিয়েছেন আদালত।

মঙ্গলবার (১৩ মে) দুপুরে জামিনের জন্য জয়পুরহাট জেলা ও দায়রা জজ আদালতে হাজির হন মশিউর রহমান ও নুরুন্নবী। তারা আগেই হাইকোর্ট থেকে ৮ সপ্তাহের আগাম জামিন নিয়েছিলেন। সেই জামিনের মেয়াদ শেষ হওয়ায় তারা আবারও স্থানীয় আদালতে জামিনের আবেদন করেন। পরে আদালতের সিনিয়র বিচারক মজিবুর রহমান তাদের কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

মশিউর রহমান শামীম (৩৬) এবং নুরুন্নবী চৌধুরী রতন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে শিক্ষার্থী বিশাল এবং মেহেদী হত্যাসহ ছাত্র-জনতার ওপর হামলার মামলার এজাহারভুক্ত আসামি।

এ বিষয়ে জয়পুরহাট আদালতের সরকারি কৌঁসুলি অ্যাডভোকেট শাহনুর রহমান শাহিন বলেন, মশিউর রহমান শামীম ও নুরুন্নবী চৌধুরী হত্যা মামলার অন্যতম আসামি। তারা আদালতে হাজির হতে গেলে আদালত তাদের জামিন আবেদন নামঞ্জুর করে কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

আ. লীগ কারাগার

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 11:04

URL: https://www.timestodaybd.com/rajshahi/2436775807